সরকারি কর্মচারী গ্রেফতার সংক্রান্ত ধারা নিয়ে হাইকোর্টের রুল

সরকারি কর্মচারীকে ফৌজদারি মামলায় গ্রেফতার করতে সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি নেয়া সংক্রান্ত সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪১(১) ধারা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

সোমবার বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন।

বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে এ রুল দেন।

রুলে সরকারি চাকরি আইনের ৪১(১) ধারাটি কেন সংবিধানের ২৬(১),(২), ২৭ ও ৩১ অনুচ্ছেদ পরিপন্থী হবে না তা জানতে চাওয়া হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব, রাষ্ট্রপতি সচিবালয়ের সচিব, প্রধানমন্ত্রী সচিবালয়ের সচিব, জনপ্রশাসন সচিব, আইন মন্ত্রণালয়ের দুই সচিব ও জাতীয় সংসদের স্পিকারকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

চলতি বছরের ২৬ সেপ্টেম্বর এক প্রজ্ঞাপনের মাধ্যমে ১ অক্টোবর থেকে সরকারি চাকরি আইন আইনটি কার্যকর হয়। ২০১৮ সালে সরকারি চাকরি আইন প্রণয়ন করা হয়।

আইনের ৪১(১) বিধানের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে গত ১ অক্টোবর আইনি নোটিশ পাঠায় মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের (এইচআরপিবি)। আইনি নোটিশে ফল না পেয়ে ১৪ অক্টোবর এইচআরপিবি রিট করে।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মনজিল মোরসেদ ও তাকে সহায়তা করেন আইনজীবী রিপন বাড়ই। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সাইফুদ্দিন খালেদ।